সংবাদ

তারিখ 21 JUN 2015
পৃষ্ঠা 2 কলাম 7

# সব শিক্ষকের বেতন কাঠামো একযোগে কার্যকর করার দাবি

নিজস্ব বার্তা পরিবেশক

সব শিক্ষকের বেতন কাঠানো একযোগে কার্যকর করার দাবি জানিয়েছেন বেসরকারি শিক্ষক-কর্মচারী ঐক্যপরিষদের নেতারা। তারা অষ্টম বেতন কমিশনের পেশ করা প্রতিবেদনে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন স্কেল সরকারি শিক্ষক-কর্মচারীদের চেয়ে ছয় মাস পরে কার্যকর করার কথা বলা হয়েছে- উল্লেখ করে এর প্রতিবাদ জানিয়েছে।

বেসরকারি শিক্ষক কর্মচারীদের আগের মতো স্বয়ংক্রিয়ভাবে প্রজাতন্ত্রের সকল কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে একযোগে বেতন স্কেল কার্যকরের দাবি জানিয়ে শিক্ষক নেতারা বলেন, দাবি না মানলে ঈদের পরে অবিরাম ধর্মঘটসহ বৃহত্তর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে।

জাতীয় প্রেসক্লাবে গতকাল এক সংবাদ সম্মেলনে এ দাবি জানান শিক্ষক নেতারা। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন অধ্যক্ষ মুহাম্মদ আবু বকর সিদ্দিক। এ সময় উপস্থিত ছিলেন কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ এসএম বারী, বেসরকারি কারিগরি শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ শাহজাহান আলম সাজু, অধ্যক্ষ মো. জাহাঙ্গীর, অধ্যক্ষ একেএম মুখছেদুর রহমান ও শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের সভাপতি আবুল কাশেম প্রমুখ।

মুহাম্মদ আবু বকর সিদ্দিক বলেন, 'দেশে প্রায় ২৬ হাজার বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে পাঁচ লক্ষাধিক শিক্ষক কর্মচারী পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম বেতন কমিশনের সুপারিশ বাস্তবায়নের পরের দিন থেকেই সরকারি সকল শিক্ষক-কর্মচারীদের সঙ্গে একযোগে বেতন পেয়ে আসছেন। কিন্তু অষ্টম বেতন স্কেল অনুযায়ী বেসরকারি শিক্ষকদের বেতন ছয় মাস পরে কার্যকর করার সুপারিশ করা হয়েছে। এতে দেশের শিক্ষক সমাজ ক্ষুব্ধ ও মর্মাহত।'

লিখিত বক্তবে বলা হয়, শিক্ষকরা বেতন স্কেল রিপোর্ট পেশ করার পরদিন থেকে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে আগের মতো স্বয়ংক্রিয়ভাবে একযোগে, বেতন স্কেল কার্যকর করার জন্য বিভিন্নভাবে আন্দোলন করছে, কিন্তু এই বিষয়ে সরকারের সুস্পষ্ট কোন ঘোষণা পাওয়া যাচ্ছে না।